মন্ত্রিপরিষদ বিভাগের জুলাই ২০১৯ মাসের কার্যাবলি সম্পর্কিত প্রতিবেদন

মন্ত্রণালয়/বিভাগের নাম: **মন্ত্রিপরিষদ বিভাগ**

প্রতিবেদনাধীন মাসের নাম: **জুলাই ২০১৯** প্রতিবেদন প্রস্তুতের তারিখ: **২১ আগস্ট ২০১৯**

(১) প্রশাসনিক:

ক. ১ কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা (রাজস্ব বাজেটে)

সংস্থার স্তর	অনুমোদিত পদ	পূরণকৃত পদ	শূন্যপদ
মন্ত্রণালয়/বিভাগ: **মন্ত্রিপরিষদ বিভাগ**	৩৬৫	২৭৯	৮৬
অধিদপ্তর/সংস্থা/সংযুক্ত অফিস: **দুর্নীতি দমন কমিশন**	২,০৯৮	৮৬৯	১,২২৯
মোট	২,৪৬৩	১,১৪৮	১,৩১৫

ক. ২ শূন্যপদের বিন্যাস

মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা	অতিরিক্ত সচিব/ তদূর্ধ্ব পদ	জেলা কর্মকর্তার পদ (যেমন ডিসি, এসপি)	অন্যান্য ১ম শ্রেণির পদ	২য় শ্রেণির পদ	৩য় শ্রেণির পদ	৪র্থ শ্রেণির পদ	মোট
মন্ত্রিপরিষদ বিভাগ	-	-	১৮	২৭	২০	২১	৮৬
দুর্নীতি দমন কমিশন	-	-	৩৭১	৩২৫	৩৪০	১৯৩	১,২২৯*
মোট	-	-	৩৮৯	৩৫২	৩৬০	২১৪	১,৩১৫

* সুপারনিউমারারি পদ ব্যতীত।

ক. ৩ অতীব গুরুত্বপূর্ণ (strategic) পদ শূন্য থাকলে তার তালিকা: প্রযোজ্য নয়।

ক. ৪ নিয়োগ/পদোন্নতি প্রদান

মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা	প্রতিবেদনাধীন মাসে পদোন্নতি			নতুন নিয়োগ প্রদান			মন্তব্য
	কর্মকর্তা	কর্মচারী	মোট	কর্মকর্তা	কর্মচারী	মোট	
মন্ত্রিপরিষদ বিভাগ	-	-	-	-	-	-	
দুর্নীতি দমন কমিশন	০	৬৭	৬৭	-	-	-	

ক.৫ শূন্যপদ পূরণে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: নেই।

খ. ১ ভ্রমণ/পরিদর্শন (দেশে-বিদেশে)

	মন্ত্রী		প্রতিমন্ত্রী/উপমন্ত্রী		মন্ত্রিপরিষদ সচিব		মন্তব্য
	দেশে	বিদেশে	দেশে	বিদেশে	দেশে	বিদেশে	
ভ্রমণ/পরিদর্শন (দিন)	-	-	-	-	৩	-	মন্ত্রিপরিষদ সচিব মহোদয় ৩-৫ জুলাই ২০১৯ মেয়াদে চট্টগ্রাম ও কক্সবাজার জেলা পরিদর্শন করেন।
উন্নয়ন প্রকল্প পরিদর্শন (দিন)	-	-	-	-	-	-	
পার্বত্য চট্টগ্রামে ভ্রমণ (দিন)	-	-	-	-	-	-	

খ.২ উপরোক্ত ভ্রমণের পর ভ্রমণ বৃত্তান্ত/পরিদর্শন প্রতিবেদন দাখিলের সংখ্যা: নাই।

(২) আইনশৃঙ্খলা বিষয়ক : প্রযোজ্য নয়।

(৩) অর্থনৈতিক : প্রযোজ্য নয়।

(৪) উন্নয়ন প্রকল্প সংক্রান্ত:

ক. উন্নয়ন প্রকল্পের অর্থ বরাদ্দ ও ব্যয় সংক্রান্ত প্রকল্পের নাম:

প্রকল্পের নাম	বর্তমান অর্থবছরে এডিপিতে বরাদ্দ (কোটি টাকায়)	প্রতিবেদনাধীন মাস পর্যন্ত ব্যয়ের পরিমাণ (কোটি টাকায়) ও বরাদ্দের বিপরীতে ব্যয়ের শতকরা	প্রতিবেদনাধীন মাসে নতুন প্রকল্প অনুমোদিত হয়ে থাকলে তার তালিকা	প্রতিবেদনাধীন মাসে মন্ত্রণালয়ে এডিপি রিভিউ সভার তারিখ	মন্তব্য
১	২	৩	৪	৫	৬
Social Security Policy Support (SSPS) Programme	ডিপিএ: ৩৩৩.০০ জিওবি: ২.০০ মোট: ৩৩৫.০০	২০.৮৭ (৬.২২ শতাংশ)	-	-	-
Support to the Central Management Committee's (CMC) Policy Guidance on Child Component of the NSSS	ডিপিএ: ২২০.০০ জিওবি: ৬৩.০০ মোটঃ ২৮৩.০০	০০.০০ (০ শতাংশ)	-	-	-
Promoting Nutition Sensitive Social Security	ডিপিএ: ২৮৯.০০ জিওবি: ০৮.০০ মোটঃ ২৯৭.০০	৪.৩১ (১.৪৫ শতাংশ)			

খ. প্রকল্পের অবস্থা সংক্রান্ত :

প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রকল্পের তালিকা	প্রতিবেদনাধীন মাসে উদ্বোধনকৃত সমাপ্ত প্রকল্পের তালিকা	প্রতিবেদনাধীন মাসে চলমান প্রকল্পের কম্পোনেন্ট হিসাবে সমাপ্ত গুরুত্বপূর্ণ অবকাঠামো	দু'মাসের মধ্যে উদ্বোধন করা হবে এমন সমাপ্ত প্রকল্পের তালিকা
-	-	-	-

(৫) উৎপাদন বিষয়ক : প্রযোজ্য নয়।

(৬) প্রধান প্রধান সেক্টর কর্পোরেশনসমূহের লাভ/লোকসান: প্রযোজ্য নয়।

(৭) অডিট আপত্তি

ক. অডিট আপত্তি সংক্রান্ত তথ্য

মন্ত্রণালয়/সংস্থার নাম	অডিট আপত্তির সংখ্যা	টাকার পরিমাণ (লক্ষ টাকায়)	ব্রডশিটে জবাবের সংখ্যা	নিষ্পত্তির সংখ্যা	জের	মন্তব্য
মন্ত্রিপরিষদ বিভাগ	১৪টি	০.৩৯৫	-	-	৭টি	মন্ত্রিপরিষদ বিভাগের নিরীক্ষাকার্য ৩০ জুন/২০১৮ পর্যন্ত সম্পন্ন হয়। উক্ত নিরীক্ষায় ০৭টি অডিট আপত্তি দেওয়া হয়। আপত্তিগুলোর মধ্যে ০১টি আপত্তিতে ১৬,৫৬১ টাকা ভ্যাট ও আয়কর কম কর্তন করা হয় মর্মে উল্লেখ করা হয়। অবশিষ্ট ০৬টি আপত্তি পর্যবেক্ষণ সংশ্লিষ্ট। এছাড়া ০৭টি অডিট আপত্তি সংক্রান্ত একটি মামলা রয়েছে (মামলা নম্বর ৭/২০০০), যা ঢাকার ৪র্থ সহকারী জজ আদালতে বিচারাধীন।
বিলুপ্ত বিভাগীয় উন্নয়ন বোর্ড ও বিলুপ্ত উপকূলীয় দ্বীপাঞ্চল উন্নয়ন বোর্ড	১০টি	২২৮.৩৭	-	-	১০টি	অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত আর্থিক ক্ষমতা অর্পণ, ২০১৫ অনুযায়ী আপত্তিসমূহ নিষ্পত্তির জন্য সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনারের কার্যালয়ে প্রেরণ করা হয়।
দুর্নীতি দমন কমিশন	০৪টি	৬৮৬.৭৭	০৪	-	০৪টি	-
মোট	**২৮টি**	**৯১৫.৫৩৫**	**০৪**	**-**	**২১টি**	**-**

খ. অডিট রিপোর্টে গুরুতর/বড় রকমের কোন জালিয়াতি/অর্থ আত্মসাৎ, অনিয়ম ধরা পড়ে থাকলে সে-সব কেইসের তালিকা: **নেই।**

(৮) শৃঙ্খলা/বিভাগীয় মামলা (মন্ত্রণালয়/বিভাগ ও অধিদপ্তর/সংস্থার সম্মিলিত সংখ্যা)

মন্ত্রণালয়/অধিদপ্তর/ সংস্থাসমূহে পুঞ্জিভূত মোট বিভাগীয় মামলা (প্রতিবেদনাধীন মাসের ১ তারিখে)	প্রতিবেদনাধীন মাসে শুরু হওয়া মামলার সংখ্যা	প্রতিবেদনাধীন মাসে মামলা নিষ্পত্তির সংখ্যা			অনিষ্পন্ন বিভাগীয় মামলার সংখ্যা	বর্তমান অর্থবছরে মোট নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা
		চাকরিচ্যুতি /বরখাস্ত	অন্যান্য দণ্ড	অব্যাহতি		
১	২	৩	৪	৫	৬	৭
*মন্ত্রিপরিষদ বিভাগ-০৩	-	-	-	-	৩	-
দুর্নীতি দমন কমিশন-১৬	-	১	-	১	১৪	২
মোট= ১৯	-	১	-	১	১৭	২

*** প্রশাসনিক ট্রাইব্যুনাল/প্রশাসনিক আপিলেট ট্রাইব্যুনালে চলমান মামলার সকল নথি আইন-১ শাখায় স্থানান্তর করা হয়।**

(৯) মানবসম্পদ উন্নয়ন

ক. প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রশিক্ষণ কর্মসূচি:

মন্ত্রণালয়/ সংস্থা	ক্রম	প্রশিক্ষণ কর্মসূচির নাম	প্রশিক্ষণের মেয়াদ	উদ্যোগী সংস্থা/ এজেন্সির নাম	অংশগ্রহণকারীর সংখ্যা
১	২	৩	৪	৫	৬
মন্ত্রিপরিষদ বিভাগ		-	-	-	-
দুর্নীতি দমন কমিশন	১।	দুর্নীতি দমন কমিশনের অনুসন্ধান ও তদন্ত কর্মকর্তাদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণ	০৩-০৪ জুলাই ২০১৯	টিআইবি	**ত্রিশ জন**
	২।	দুর্নীতি প্রতিরোধের লক্ষ্যে অনুসন্ধান ও তদন্ত পদ্ধতি সংক্রান্ত প্রশিক্ষণ, ২০১৯	০৭-১১ জুলাই ২০১৯	দুর্নীতি দমন কমিশন	**ত্রিশ জন**
	৩।	দুর্নীতি প্রতিরোধের লক্ষ্যে অনুসন্ধান ও তদন্ত পদ্ধতি সংক্রান্ত প্রশিক্ষণ, ২০১৯	২১-২৫ জুলাই ২০১৯	দুর্নীতি দমন কমিশন	**ত্রিশ জন**
	৪।	দুর্নীতি প্রতিরোধের লক্ষ্যে অনুসন্ধান ও তদন্ত পদ্ধতি সংক্রান্ত প্রশিক্ষণ, ২০১৯	২৮ জুলাই-০১ আগস্ট ২০১৯	দুর্নীতি দমন কমিশন	**ত্রিশ জন**
	৫।	১ম 'Advanced Budget Management (ABM)'-শীর্ষক কর্মশালা	১৩-১৪ জুলাই ২০১৯	অর্থ মন্ত্রণালয়	**এক জন**
	৬।	'Review mechnism for the UN Convention against Corruption (UNCAC)' –শীর্ষক কর্মশালা। স্থান: ওয়াশিংটন ডিসি, যুক্তরাষ্ট্র	১৫-১৯ জুলাই ২০১৯	দুর্নীতি দমন কমিশন	**একজন** পরিচালক
	৭।	'Executive Certificate Course for Strategic Management of Anti-Corruption Program'-শীর্ষক কর্মশালা। স্থান: মালয়েশিয়া	২২ জুলাই-০২ আগস্ট ২০১৯	দুর্নীতি দমন কমিশন	**একজন** উপপরিচালক

খ. মন্ত্রণালয়/অধিদপ্তরে কোন ইন্-হাউস প্রশিক্ষণের আয়োজন করা হয়ে থাকলে তার তার বর্ণনা: প্রযোজ্য নয়।

গ. প্রশিক্ষণ কর্মসূচিতে কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণ বা মনোনয়নের ক্ষেত্রে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: নেই।

ঘ. মন্ত্রণালয়ে অন্-দ্য-জব ট্রেনিং (OJT)-এর ব্যবস্থা আছে কি না; না থাকলে অন্-দ্য-জব ট্রেনিং আয়োজন করতে বড় রকমের কোন অসুবিধা আছে কি না: প্রযোজ্য নয়।

ঙ. প্রতিবেদনাধীন মাসে প্রশিক্ষণের জন্য বিদেশ গমনকারী কর্মকর্তার সংখ্যা: ০২ জন।

(১০) উল্লেখযোগ্য কার্যাবলি/সমস্যা-সংকট:

ক. প্রতিবেদনাধীন মাসে নতুন আইন, বিধি ও নীতি প্রণীত হয়ে থাকলে তার তালিকা: প্রযোজ্য নয়।

খ. প্রতিবেদনাধীন মাসে অতীব গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য কার্যাবলি:

(১) সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির দুইটি, অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির একটি, প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির দুইটি, জাতীয় পুরস্কার সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির একটি এবং মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সম্পর্কিত ছয়টি আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়।

(২) জাতীয় শুদ্ধাচার উপদেষ্টা পরিষদ; জাতীয় শুদ্ধাচার উপদেষ্টা পরিষদের নির্বাহী কমিটি এবং দেশের পররাষ্ট্র নীতি অধিকতর বাস্তবানুগ ও ফলপ্রসূ করার লক্ষ্যে মন্ত্রিসভা কমিটিসমূহ গঠন/পুনর্গঠন করে প্রজ্ঞাপন জারি করা হয়।

(৩) ১৩ জুলাই ২০১৯ তারিখ শনিবার সন্ধ্যা ৭:৩০ ঘটিকায় বঙ্গভবনে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের নবনিযুক্ত মন্ত্রিবৃন্দের শপথ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

(৪) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মন্ত্রী পদে জনাব ইমরান আহমদকে এবং প্রতিমন্ত্রী পদে বেগম ফজিলাতুন নেসাকে নিয়োগ দান সংক্রান্ত ১১ জুলাই ২০১৯ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়।

(৫) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ১৯ জুলাই ২০১৯ তারিখে সরকারি সফরে লন্ডন, যুক্তরাজ্যের উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করেন। মাননীয় প্রধানমন্ত্রীর প্রস্থানকালে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে রাষ্ট্রাচারের দায়িত্ব পালন করা হয়।

(৬) জনাব ইমরান আহমদকে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের মন্ত্রী এবং বেগম ফজিলাতুন নেসাকে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী হিসাবে দপ্তর বণ্টন সংক্রান্ত ১১ জুলাই ২০১৯ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়।

(৭) CRVS বাস্তবায়ন সংক্রান্ত পাক্ষিক সমন্বয় সভা আয়োজন করা হয়। উক্ত সভায় সিআরভিএস বাস্তবায়নকারী সংশ্লিষ্ট মন্ত্রণালয়সমূহ কর্তৃক গৃহীত কার্যক্রম মূল্যায়ন এবং সমন্বয় করা হয়।

(৮) Open CRVS বাস্তবায়ন সংক্রান্ত উপকমিটির সভা আয়োজন করা হয়। উক্ত সভায় 'Open CRVS' একটি ওপেন সোর্স ডিজিটাল সিআরভিএস সমাধান যা অন্যান্য সরকারি সিস্টেমের সঙ্গে আন্তঃসম্পর্কযোগ্য (যেমন স্বাস্থ্য এবং এনআইডি সিস্টেম), সুরক্ষিত এবং অধিকার-ভিত্তিক সিস্টেম। 'Open CRVS' সংক্রান্ত সমন্বিত সিস্টেম কিভাবে শহর এবং গ্রাম পর্যায়ে কার্যকরভাবে জন্ম ও মৃত্যু নিবন্ধনে সহায়তা করবে সে বিষয়ে পাইলট প্রকল্প বাস্তবায়নের অগ্রগতি উপস্থাপন করা হয়।

(৯) বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক ও জেলা আদালত কার্যালয়ের নিরাপত্তা ঘাটতি সর্ম্পকে বিশেষ প্রতিবেদনের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সচিব, জননিরাপত্তা বিভাগ বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১০) দৈনিক যুগান্তর পত্রিকায় প্রকাশিত 'বৃদ্ধের সর্বস্ব লিখে নিলেন অতিরিক্ত ডিআইজি' সংক্রান্ত প্রতিবেদনের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সচিব, জননিরাপত্তা বিভাগ বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১১) স্থায়ী অধিবাসী রোহিঙ্গা কর্তৃক ক্ষতিগ্রস্ত হওয়ায় ক্ষতিপূরণের আবেদন সংক্রান্ত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিনিয়র সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১২) গণপিটুনির শিকার সংক্রান্ত প্রতিবেদন বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সচিব, জননিরাপত্তা বিভাগ বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১৩) মহালছড়ি গুচ্ছগ্রাম সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ৫ম শ্রেণির শিক্ষার্থী মোঃ হোসেন আলীর অপমৃত্যু নিয়ে উক্ত বিদ্যালয়ের প্রধান শিক্ষক জনাব মোঃ মহিন উদ্দিন-এর বিরুদ্ধে উত্থাপিত শারীরিক নির্যাতন সংক্রান্ত অভিযোগের সরেজমিনে তদন্ত প্রতিবেদনের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১৪) দৈনিক যুগান্তর পত্রিকায় প্রকাশিত 'গাড়ি থেকে লাফ দিয়ে রক্ষা পেল দুই ছাত্রী' সংক্রান্ত প্রতিবেদনের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সচিব, জননিরাপত্তা বিভাগ বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১৫) মো: আবুল ফজল মীর, জেলা ম্যাজিস্ট্রেট কুমিল্লা কর্তৃক কুমিল্লা কেন্দ্রীয় কারাগার পরিদর্শন প্রতিবেদন সংক্রান্ত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সচিব, সুরক্ষা সেবা বিভাগ বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১৬) পবিত্র ঈদ-উল-আযহা, ২০১৯ উপলক্ষ্যে দেশের সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি পর্যালোচনা, শিল্পাঞ্চলে আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে করণীয় ও প্রাসঙ্গিক বিষয়ে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সকল বিভাগীয় কমিশনার ও সকল জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১৭) দৈনিক যুগান্তর পত্রিকায় 'এবার শিক্ষিকাকে যৌন হয়রানি আইডিয়াল স্কুলে-বিচারের দাবিতে মানববন্ধন' শিরোনামে প্রকাশিত সংবাদ সংক্রান্ত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১৮) ডেঙ্গু প্রতিরোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সকল বিভাগীয় কমিশনার ও সকল জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।

(১৯) দুর্নীতি দমন কমিশন হতে প্রাপ্ত প্রতিবেদন অনুযায়ী জুলাই ২০১৯ মাসে সরকারি কর্মকর্তা/কর্মচারীদের মামলায় ৩৪ জনের বিরুদ্ধে অভিযোগপত্র দাখিল করা হয়। এ ছাড়া, ২ জনের বিরুদ্ধে মামলা দায়ের এবং ৯০ জনের বিষয়ে অনুসন্ধানে নথিভুক্তির মাধ্যমে নিষ্পত্তি করা হয়। উপরোল্লিখিত বিষয়ে অবগত করে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগকে নির্দেশনা প্রদান করা হয়।

(২০) বিভিন্ন আইনে ৪৮ জন কর্মকর্তাকে এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট-এর ক্ষমতা এবং মোবাইল কোর্ট পরিচালনার ক্ষমতা/ডেপুটি কমিশনারের ক্ষমতা অর্পণ করা হয়।

(২১) দুর্নীতি দমন কমিশনে একজন কর্মকর্তাকে চেয়ারম্যানের একান্ত সচিব পদে; একজন কর্মকর্তাকে মহাপরিচালক পদে এবং দুইজন কর্মকর্তাকে পরিচালক পদে প্রেষণে যোগদানের নিমিত্ত মন্ত্রিপরিষদ বিভাগের সম্মতি জ্ঞাপন করা হয়।

(২২) জনাব মোঃ আব্দুল বারিক, অতিরিক্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক ব্রাহ্মণবাড়িয়া জেলা এবং ব্রাহ্মণবাড়িয়া সদর উপজেলা; জনাব মোঃ সাইদুর রহমান, উপসচিব, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক মেহেরপুর জেলার সদর উপজেলা পরিদর্শন করে প্রতিবেন দাখিল করেন। দাখিলকৃত প্রতিবেদনের ওপর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগকে পত্র দেওয়া হয়।

(২৩) বাংলাদেশে নিযুক্ত বিভিন্ন দেশের রাষ্ট্রদূতগণের বিভিন্ন জেলা সফরের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসকগণকে পত্র দেওয়া হয়।

(২৪) জেলায় স্ট্যাম্প ভেন্ডার রেজিস্টার বিক্রয় সচল রাখার জন্য জেলা প্রশাসন, ফরিদপুর, রাজবাড়ি, চাঁদপুর, পাবনা ও বরিশালের অনুকূলে তাদের চাহিদানুসারে স্ট্যাম্প ভেন্ডার রেজিস্টার প্রদান/সংগ্রহের জন্য পত্র দেওয়া হয়।

(২৫) জুলাই ২০১৯ মাসে মাঠ প্রশাসনে কর্মরত বিসিএস (প্রশাসন) ক্যাডারের ১৭ জন কর্মকর্তার বিরুদ্ধে অভিযোগ পাওয়া গেছে। পূর্বে প্রাপ্ত অভিযোগসমূহের মধ্যে ০৭টি অভিযোগের বিষয়ে অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তে প্রমাণিত না হওয়ায় নথিজাত করে জনপ্রশাসন মন্ত্রণালয়কে জানিয়ে দেওয়া হয়েছে এবং এবং ১টি অভিযোগের বিষয়ে অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগের বিষয়ে তদন্তে অভিযোগের প্রাথমিক সত্যতা থাকায় তদন্ত প্রতিবেদন অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়কে জানিয়ে দেওয়া হয়।

(২৬) ১৪-১৮ জুলাই ২০১৯ মেয়াদে পাঁচদিনব্যাপী জেলাপ্রশাসক সম্মেলন ২০১৯-এর কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন হয়।

(২৭) বিভাগীয় কমিশনার ও মেট্রোপলিটন পুলিশ কমিশনারগণের নিকট থেকে প্রাপ্ত জুন দ্বিতীয় ও জুলাই প্রথম পক্ষের পাক্ষিক গোপনীয় প্রতিবেদনের ভিত্তিতে প্রস্তুতকৃত দু'টি সারসংক্ষেপ মাননীয় প্রধানমন্ত্রী সমীপে উপস্থাপন করা হয়। পাক্ষিক গোপনীয় প্রতিবেদনে উপস্থাপিত এবং মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক অনুমোদিত প্রস্তাব বাস্তবায়নের জন্য বিভিন্ন মন্ত্রণালয় ও বিভাগ বরাবর পত্র প্রেরণ করা হয়।

(২৮) সরকারি কর্মকর্তাদের সরকারি প্রতিষ্ঠানে সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার সংক্রান্ত নির্দেশিকা নীতিমালা না মানা সংক্রান্ত পত্র সকল মন্ত্রণালয়/বিভাগ, বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসক বরাবর প্রেরণ করা হয়।

(২৯) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষ্যে জারিকৃত বিভিন্ন পত্র সংশ্লিষ্টদের বরাবর প্রেরণ করা হয়।

(৩০) যুব উন্নয়ন অধিদপ্তরের খেলাপি ঋণ আদায়ের জন্য সকল জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৩১) পবিত্র ঈদ-উল-আযহা, ২০১৯ উপলক্ষ্যে জাতীয় ও আঞ্চলিক সহাসড়কের উপর ও সন্নিকটে কোরবানির পশুর হাট না বসানোর লক্ষ্যে যথাযথ কার্যক্রম গ্রহণের জন্য সকল জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৩২) পবিত্র ঈদ-উল-আযহা উপলক্ষ্যে কোরবানির পশুর উচ্ছিষ্টাংশ সুষ্ঠুভাবে অপসারণের বিষয়ে সকল বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৩৩) পবিত্র ঈদ-উল-আযহা, ২০১৯ উদ্‌যাপন উপলক্ষ্যে কুরবানির পশুর হাটে ভেটেরিনারি সেবা প্রদান এবং পল্লী পশু চিকিৎসকদের স্টেরয়েড ও হরমোন ব্যবহার না করা সংক্রান্ত পত্র সকল জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার বরাবর প্রেরণ করা হয়।

(৩৪) পবিত্র ঈদ-উল-আযহা, ২০১৯ উদ্‌যাপন উপলক্ষ্যে ধর্ম বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক আয়োজিত আন্তঃমন্ত্রণালয় সভার সিদ্ধান্ত বাস্তবায়নের সকল বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৩৫) প্রতিবন্ধী ব্যক্তিগণকে চাকরিসহ অন্যান্য সুবিধাদি প্রদানের ক্ষেত্রে সমাজসেবা অধিদপ্তরাধীন জেলা সমাজসেবা কার্যালয়/উপজেলা সমাজসেবা কার্যালয়/শহর সমাজসেবা কার্যালয় কর্তৃক প্রদত্ত পরিচয়পত্র (আইডি কার্ড)-কে মানদন্ড হিসেবে বিবেচনা করার জন্য সকল বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৩৬) ২৯ জুলাই ২০১৯ তারিখে অনলাইন অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) সফটওয়্যার (ভার্সন-২)-এর রক্ষণাবেক্ষণের সময় বৃদ্ধির জন্য একসেস টু ইনফরমেশন (এটুআই) কে পত্র প্রদান করা হয়।

(৩৭) মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন 'Platforms for Dialogue-strengthening inclusion and participation in decision making and accountability mechanisms in Bangladesh (P4D)' প্রকল্পের আওতায় ২৯ জুলাই ২০১৯ তারিখ থেকে ০২ আগস্ট ২০১৯ তারিখ পর্যন্ত ইন্দোনেশিয়ার বালিতে অবস্থিত Hindu University-তে অনুষ্ঠেয় শিক্ষা সফর করা হয় এবং ১৮ আগস্ট ২০১৯ তারিখ থেকে ২৪ আগস্ট ২০১৯ তারিখ পর্যন্ত যুক্তরাজ্যে অনুষ্ঠেয় শিক্ষা সফরের আয়োজন করা হয়।

(৩৮) ২৯ জুলাই ২০১৯ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন P4D শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্পের আওতায় রংপুরে অনুষ্ঠিত Inclusive Governance & Social Accountable (IGSA)-এর উপর প্রস্তুতকৃত প্রতিবেদনের Validation workshop আয়োজন করা হয়।

(৩৯) ২২ জুলাই ২০১৯ তারিখে ঢাকাসহ সারাদেশে জমি এবং ফ্ল্যাটের বাজার মূল্যের সঙ্গে সরকার নির্ধারিত রেট-এর পার্থক্য নিরসনকল্পে বাজার মূল্য নির্ধারিণ বিধিমালা ২০১০ (২০১২ ও ২০১৫ সালের সংশোধনীসহ) সংশোধন আইন ও বিচার বিভাগের পত্র প্রেরণ করা হয়।

(৪০) ১১ জুলাই ২০১৯ তারিখ তথ্য অধিকার বিষয়ক সচেতনতামুলক যোগাযোগ উপকরণ তৈরিতে লোগো ব্যবহারের অনুমতি প্রদান এবং বেসরকারি প্রতিষ্ঠানের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের জন্য তথ্য অধিকার আইন বিষয়ক অনলাইন প্রশিক্ষণের অনুমতি গ্রহণ সংক্রান্ত পত্র নির্বাহী পরিচালক, এমআরডিআই বরাবর প্রেরণ করা হয়।

(৪১) ২৮ জুলাই ২০১৯ তারিখ মন্ত্রিপরিষদ বিভাগের সহযোগিতায় এবং বেসরকারি সংস্থা The Carter Center-এর উদ্যোগে তথ্য অধিকার ও জেন্ডার বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত হয়।

(৪২) ২১ জুলাই ২০১৯ তারিখে সরকারি প্রতিষ্ঠানে সামাজিক যোগাযোগ-মাধ্যম-সংক্রান্ত নির্দেশিকা, ২০১৬ অধিকতর সময়োপযোগী করার লক্ষ্যে সভা আয়োজন করা হয়।

(৪৩) ২৮ জুলাই ২০১৯ তারিখে ই-গভর্নেন্স আইন ২০১৭-এর খসড়া প্রণয়ন-সংক্রান্ত কমিটির সভা আয়োজন করা হয়।

(৪৪) জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতিমালা ২০১৮ বাস্তবায়নের লক্ষ্যে এ বিভাগের ফোকাল পয়েন্ট ও বিকল্প ফোকাল পয়েন্ট নিয়োগ করা হয়।

(৪৫) ৩১ জুলাই ২০১৯ তারিখে 'ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতিমালা, ২০১৮ তে উল্লেখিত কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্য কমিটি গঠন করে প্রজ্ঞাপন জারি করা হয়।

(৪৬) স্থানীয় পর্যায়ে সামাজিক যোগাযোগ-মাধ্যম ব্যবহারকারীদের মধ্যে সচেতনতা বৃদ্ধির জন্য জেলা ও উপজেলা পর্যায়ে কমিটি গঠন করে প্রজ্ঞাপন জারি করা হয়।

(৪৭) ৪ জুলাই ২০১৯ তারিখে মন্ত্রণালয়/বিভাগ ও আওতাধীন অধিদপ্তর/সংস্থার উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৮-১৯-এর বাস্তবায়ন অগ্রগতির বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন প্রেরণের জন্য সকল সিনিয়র সচিব/সচিব-কে পত্র প্রেরণ করা হয়।

(৪৮) ৪ জুলাই ২০১৯ তারিখে জাতীয় তথ্য বাতায়নের অধীনে বাস্তবায়িত মন্ত্রণালয়/বিভাগ,অধিদপ্তর/সংস্থা ও মাঠ পর্যায়ের অফিসসমূহের তথ্য বাতায়ন অধিকতর উন্নয়ন ও হালনাগাদকরণের জন্য সকল সিনিয়র সচিব/সচিব-কে পত্র প্রেরণ করা হয়।

(৪৯) ০৭ জুলাই ২০১৯ তারিখে বাংলাদেশ সার্ভিস প্লাটফরমে ডিজিটাল সেবা ফরম তৈরি ও সেবা প্রদানের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সকল সিনিয়র সচিব/সচিব-কে পত্র প্রেরণ করা হয়।

(৫০) ৮ জুলাই ২০১৯ তারিখে জেলা ও উপজেলা পর্যায়ের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০১৯-২০ প্রণয়নের জন্য সকল বিভাগীয় কমিশনারকে পত্র প্রেরণ করা হয়।

(৫১) ২৮ জুলাই ২০১৯ তারিখে ২০১৮-১৯ অর্থবছরের বাস্তবায়িত উদ্ভাবন ও ডিজিটাল-সেবার তালিকাসহ কার্যক্রমের অগ্রগতির তথ্য প্রেরণের জন্য সকল সিনিয়র সচিব/সচিব-কে পত্র প্রেরণ করা হয়।

(৫২) ২০১৯-২০ অর্থবছরের মন্ত্রণালয়/বিভাগের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর অনুষ্ঠান ২০১৯ অনুষ্ঠিত হয়।

(৫৩) ১৩ জুলাই ২০১৯ তারিখ মন্ত্রণালয়/বিভাগসমূহের ২০১৯-২০ অর্থবছরের এপিএ স্বাক্ষর অনুষ্ঠান আয়োজন করা হয়।

(৫৪) ৯ ও ১৬ জুলাই ২০১৯ তারিখে অনুষ্ঠিত জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (একনেক) সভার কার্যপত্রের ওপর মন্ত্রিপরিষদ বিভাগের সংক্ষিপ্ত নোট প্রস্তুত করা হয়।

(৫৫) 'Aspire to innovate (a2i) programme' শীর্ষক প্রকল্প মন্ত্রিপরিষদ বিভাগ এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের যৌথ উদ্যোগে গ্রহণের বিষয়ে আলোচনার জন্য মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সভাপতিত্বে ১৮ জুন একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী প্রস্তুত করত: সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ বরাবর প্রেরণ করা হয়।

(৫৬) মন্ত্রিপরিষদ বিভাগের চলমান প্রকল্পসমূহের ২০১৮-১৯ অর্থবছরের জুন ২০১৯ পর্যন্ত এডিপি বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত তথ্য বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ বরাবর প্রেরণ করা হয়।

(৫৭) 'National Integrity Strategy Support Project Phase-2'-শীর্ষক প্রকল্পের প্রস্তুতকৃত টিএপিপি দলিলের প্রস্তাবিত জনবল অনুমোদনের অনুরোধ জানিয়ে অর্থ বিভাগ বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৫৮) 'National Integrity Strategy Support Project Phase-2'-শীর্ষক প্রকল্পের প্রস্তুতকৃত টিএপিপি অনুমোদনের অনুরোধ জানিয়ে আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ বরাবর পত্র প্রেরণ করা হয়।

গ. আগামী (আগস্ট-সেপ্টেম্বর) দুই মাসে সম্পাদ্য অতীব গুরুত্বপূর্ণ কাজের তালিকা:

(১) মন্ত্রিসভা-বৈঠক অনুষ্ঠান।

(২) মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন-অগ্রগতি পর্যালোচনার জন্য আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠান।

(৩) মন্ত্রিসভা-বৈঠকে গৃহিত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন-অগ্রগতি সম্পর্কিত ত্রৈ-মাসিক প্রতিবেদন মন্ত্রিসভা-বৈঠকে উপস্থাপন।

(৪) সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সভা অনুষ্ঠান।

(৫) অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সভা অনুষ্ঠান।

(৬) জাতীয় পুরস্কার সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সভা অনুষ্ঠান।

(৭) আন্তর্জাতিক ও আঞ্চলিক সংস্থায় বাংলাদেশ কর্তৃক চাঁদা প্রদান সংক্রান্ত সচিব কমিটির সভা অনুষ্ঠান।

(৮) প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির সভা অনুষ্ঠান।

(৯) মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/দপ্তর/সংস্থার পদ সৃষ্টি, বিলুপ্তি ইত্যাদি বিষয় সম্পর্কিত নীতি ও পদ্ধতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সভা।

(১০) নতুন উপজেলা ও থানা স্থাপন সংক্রান্ত সচিব কমিটির সভা এবং নিকার-এর ১১৬তম সভা অনুষ্ঠান।

(১১) মন্ত্রিসভা কমিটি/পরিষদ/কমিশন/অন্যান্য কমিটি গঠন/পুনর্গঠন।

(১২) স্বাধীনতা পুরস্কার সচিব-সভা।

(১৩) Open CRVS পাইলট শুরু করার জন্য প্রস্তুতি গ্রহণ।

(মুহাম্মদ আসাদুল হক)
উপসচিব
ফোন: ৯৫৫৭৪৪৯
e-mail: report_sec@cabinet.gov.bd